# আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় ফেরীঘাট/খেয়াঘাট এর ইজারা সিডিউল
## (সিডিউল বিক্রয়কারী কর্তৃপক্ষ কর্তৃক পূরণযোগ্য)

সিডিউল নং -

১। আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় ফেরিঘাট/খেয়াঘাট এর নাম ঃ

২। সম্ভাব্য মূল্য ঃ

৩। সিডিউল ক্রয়কারীর নাম ঃ

৪। সিডিউল ক্রয়কারীর ঠিকানা ঃ

সিডিউল বিক্রয়কারী কর্মকর্তার স্বাক্ষর

## (দরপত্রদাতা কর্তৃক পূরণযোগ্য)

১। দরপত্র দাতার নাম ঃ

২। দরপত্র দাতার ঠিকানা ঃ

৩। দরপত্র দাতা জন্মগত পেশাদার পাটনী কিনা? ঃ

৪। দরপত্র দাতা জন্মগত পেশাদার পাটনী হলে দাখিলকৃত কাগজপত্রের বিবরণ ঃ

৫। জাতীয় পরিচয় পত্রের নম্বরঃ (NID) :

৬। টিন নম্বর (TIN) (যদি থাকে) ঃ

৭। দরপত্রে উদ্ধৃত দর ঃ অংকে-

কথায়-

৮। জামানতের বিবরণ

(ক) ব্যাংকের নাম ঃ

(খ) ডিডি / পে-অর্ডার নং ঃ

(গ) জামানত প্রদত্ত অর্থের পরিমাণ ঃ অংকে-

কথায়-

৯। দরপত্রদাতার মোবাইল নম্বর ঃ

১০। দরপত্রদাতার ই-মেইল এড্রেস (যদি থাকে) ঃ

১১। দরপত্র দাতার অবর্তমানে ইজারাঘাট সংক্রান্ত কার্যক্রম পরিচালনাকারী প্রতিনিধির নাম ও ঠিকানা এবং তার সঙ্গে সম্পর্ক ঃ

এতদসঙ্গে সংযুক্ত টেন্ডার বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলীসমূহের প্রতি সম্মতি জ্ঞাপন করে স্বাক্ষর করলাম।

১৮/১/১৭

দরপত্র দাতার স্বাক্ষর ও তারিখ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয় ঢাকা
(রাজস্ব শাখা)
www.dhakadiv.gov.bd

স্মরক নং-০৫.৪১.৩০০০.০০৯.০৬.০২৫.১৬-৬৩                                                    তারিখঃ ১৮ জানুয়ারি ২০১৭ খিস্টাব্দ।

আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় ফেরীঘাট/খেয়াঘাটসমূহের সীলমোহরকৃত দরপত্র বিজ্ঞপ্তি।

ঢাকা বিভাগাধীন আন্তঃজেলা এবং ঢাকা-খুলনা বিভাগাধীন আন্তঃবিভাগীয় নিম্নবর্ণিত ফেরীঘাট/খেয়াঘাটসমূহের বাংলা ১৪২৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকের হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার সকল শর্ত মোতাবেক ইজারা প্রদানের উদ্দেশ্যে সকল আগ্রহী ব্যক্তি/সংগঠন এর কাছ থেকে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, ১ম পর্যায়ের দরপত্র দাখিলের ক্ষেত্রে আগ্রহী জন্মগত পেশাদার পাটনীগণ অগ্রাধিকার পাবেন।

| ক্রমিক নং | আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় ফেরিঘাট/খেয়াঘাট এর নাম | উপজেলা, জেলা ও বিভাগের নাম | বাংলা ১৪২৪ সনের জন্য সম্ভাব্য মূল্য (টাকায়) |
|---|---|---|---|
| ১ | চরভদ্রাসন-মৈনট আন্তঃজেলা লঞ্চ/ফেরিঘাট | দোহার, ঢাকা এবং<br>চরভদ্রাসন, ফরিদপুর<br>ঢাকা বিভাগ | ২,৮৩,৮০,০০০/-<br>(দুই কোটি তিরাশি লক্ষ আশি হাজার টাকা) |
| ২ | পূর্ব নাওডোবা-মাওয়া আন্তঃজেলা খেয়াঘাট (শরীয়তপুর জেলার পাড় অংশ) | জাজিরা, শরীয়তপুর<br>ঢাকা বিভাগ | ৯৬,৫৫,৮০০/-<br>(ছিয়ানব্বই লক্ষ পঞ্চান্ন হাজার আটশত টাকা) |
| ৩ | পিয়াজখালী-চরবলাশিয়া-চরবলাশিয়া (মাদ্রাসাঘাট) কৃষ্ণদেবপুর-বাঁশতলা-জোয়ার-নারিশা আন্তঃজেলা ফেরিঘাট | দোহার, ঢাকা এবং<br>সদরপুর, ফরিদপুর<br>ঢাকা বিভাগ | ২১,৫৪,২০৪/-<br>(একুশ লক্ষ চুয়ান্ন হাজার দুইশত চার টাকা) |
| ৪ | নয়াবাড়ী-হাজীগঞ্জ আন্তঃজেলা ফেরিঘাট | দোহার, ঢাকা এবং<br>চরভদ্রাসন, ফরিদপুর<br>ঢাকা বিভাগ | ৫৫,৪৩,০৮৪/-<br>(পঞ্চান্ন লক্ষ তেঁতাল্লিশ হাজার চুরাশি টাকা) |
| ৫ | জামালপুর-বাগপাড়া আন্তঃজেলা ফেরিঘাট | কালীগঞ্জ, গাজীপুর এবং<br>পলাশ, নরসিংদী<br>ঢাকা বিভাগ | ৯,৩৩,৯০০/-<br>(নয় লক্ষ তেত্রিশ হাজার নয়শত টাকা) |
| ৬ | ঘোড়াশাল আন্তঃজেলা ফেরিঘাট | কালীগঞ্জ, গাজীপুর এবং<br>পলাশ, নরসিংদী<br>ঢাকা বিভাগ | ৪,২৯,০০০/-<br>(চার লক্ষ উনত্রিশ হাজার টাকা) |
| ৭ | পলাশ আন্তঃজেলা ফেরিঘাট | কালীগঞ্জ, গাজীপুর এবং<br>পলাশ, নরসিংদী<br>ঢাকা বিভাগ | ২,৮৩,৮০০/-<br>(দুই লক্ষ তিরাশি হাজার আটশত টাকা) |
| ৮ | বাসাইর বাজার-কদমতলী আন্তঃজেলা ফেরিঘাট | কালীগঞ্জ, গাজীপুর এবং<br>পলাশ, নরসিংদী<br>ঢাকা বিভাগ | ৭,৬২,৩০০/-<br>(সাত লক্ষ বাষট্টি হাজার তিনশত টাকা) |
| ৯ | পাইকান আন্তঃজেলা ফেরিঘাট | মনোহরদী, নরসিংদী এবং<br>কটিয়াদী, কিশোরগঞ্জ<br>ঢাকা বিভাগ | ৫৪,২৪৫/-<br>(চুয়ান্ন হাজার দুশত পঁয়তাল্লিশ টাকা) |
| ১০ | চাপাইল আন্তঃ বিভাগীয় ফেরিঘাট | গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ এবং<br>কালিয়া, নড়াইল<br>ঢাকা-খুলনা বিভাগ | ২৪,০২,৪০০/-<br>(চব্বিশ লক্ষ দুই হাজার চারশত টাকা) |
| ১১ | পুকুরিয়া যোগানিয়া আন্তঃ বিভাগীয় ফেরিঘাট | গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ এবং<br>কালিয়া, নড়াইল<br>ঢাকা-খুলনা বিভাগ | ৫,২৮,৫৯১/-<br>(পাঁচ লক্ষ আটাশ হাজার পাঁচশত একানব্বই) |
| ১২ | জয়নগর আন্তঃ বিভাগীয় ফেরিঘাট | গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ এবং<br>কালিয়া, নড়াইল<br>ঢাকা-খুলনা বিভাগ | ১,৫২,১৬৭/-<br>(এক লক্ষ বায়ন্ন হাজার একশত সাতষট্টি টাকা) |
| ১৩ | ডিগ্রিরচর-দূর্গাপুর আন্তঃ বিভাগীয় ফেরিঘাট | গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ এবং<br>লোহাগড়া, নড়াইল<br>ঢাকা-খুলনা বিভাগ | ১,৪৫,২০০/-<br>(এক লক্ষ পঁয়তাল্লিশ হাজার দুইশত টাকা) |
| ১৪ | ছোটফা মঙ্গলপুর আন্তঃ বিভাগীয় ফেরিঘাট | গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ এবং<br>লোহাগড়া, নড়াইল<br>ঢাকা-খুলনা বিভাগ | ২৪,৯৭৪/-<br>(চব্বিশ হাজার নয়শত চুয়াত্তর টাকা) |

## দরপত্র দাখিলের সময়সূচী ঃ

| আন্তঃজেলা/আন্তঃবিভাগীয় ফেরীঘাটসমূহের জন্য দরপত্র আহবানের পর্যায় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | দরপত্র বাছাই এর তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ০৭-০২-২০১৭ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ০৭-০২-২০১৭ খ্রিঃ দুপুর ১-৩০ টা পর্যন্ত। | ১২-০২-২০১৭ খ্রিঃ বিকাল ৩-০০ টা। | সংশ্লিষ্ট বিভাগ বা জেলায় দাখিলকৃত দরপত্রসমূহ আবশ্যিকভাবে দরপত্র দাখিলের পরের কার্যদিবস সকাল ১০:০০ ঘটিকার মধ্যে বিশেষ বাহক মারফত এ কার্যালয়ে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। বিলম্বে প্রেরিত দরপত্র গ্রহণযোগ্য না হলে এর দায় বিলম্বে প্রেরণকারী কর্তৃপক্ষের উপর বর্তাবে। |
| ২য় | ২৭-০২-২০১৭ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ২৭-০২-২০১৭ খ্রিঃ দুপুর ১-৩০ টা পর্যন্ত। | ০৫-০৩-২০১৭ খ্রিঃ বিকাল ৩-০০ টা। | |
| ৩য় | ১২-০৩-২০১৭ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ১২-০৩-২০১৭ খ্রিঃ দুপুর ১-৩০ টা পর্যন্ত। | ১৯-০৩-২০১৭ খ্রিঃ বিকাল ৩-০০ টা। | |
| ৪র্থ | ২৯-০৩-২০১৭ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ২৯-০৩-২০১৭ খ্রিঃ দুপুর ১-৩০ টা পর্যন্ত। | ০৪-০৪-২০১৭ খ্রিঃ বিকাল ৩-০০ টা। | |
| ৫ম | ০৯-০৪-২০১৭ খ্রিঃ সকাল ১০:০০টা হতে দুপুর ১-০০ টা পর্যন্ত | ০৯-০৪-২০১৭ খ্রিঃ দুপুর ১-৩০ টা পর্যন্ত। | ১২-০৪-২০১৭ খ্রিঃ বিকাল ৩-০০ টা। | |

## "শর্তাবলী"

১। উপরোক্ত ফেরিঘাট/খেয়াঘাট বাংলা ১৪২৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদান করা হবে।

২। দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের কার্যদিবসের অফিস সময় পর্যন্ত বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা বিভাগ এর কার্যালয়ে এবং ঢাকা, গাজীপুর, ফরিদপুর, শরীয়তপুর, নরসিংদী, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ ও নড়াইল জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। পাঁচ লক্ষ টাকা পর্যন্ত ইজারা মূল্যের ফেরীঘাটের দরপত্র ফরম ৫০০/-(পাঁচশত) টাকা এবং তদুর্দ্ধ ইজারা মূল্যের ফেরীঘাটের দরপত্র ফরম ১০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

৩। দরপত্র বিজ্ঞপ্তির নির্ধারিত তারিখে সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয় এবং ২ নং অনুচ্ছেদে বর্ণিত কার্যালয়সমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র ফেলা যাবে। একই দিন বেলা ১-৩০ ঘটিকায় উল্লিখিত অফিসসমূহে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৪। দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে অতিরিক্ত কমিশনার (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকা এর অনুকূলে জামানত হিসাবে জমা প্রদান করতে হবে। দরপত্র গৃহীত না হলে জামানত ফেরৎযোগ্য।

৫। দরপত্র ফরম-এ কোন কাটাকাটি, ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর স্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে। দরপত্র ফরম-এ উল্লিখিত যাবতীয় কলাম যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।

৬। বর্ণিত আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় ফেরিঘাট/খেয়াঘাটের এবং দরপত্রের বিষয়ে কারো কোন তথ্য জানার প্রয়োজন হলে যে কোন কার্যদিবসে ২ নং অনুচ্ছেদে বর্ণিত বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসকগণের কার্যালয় হতে জানতে পারবে।

৭। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকে ইস্যুকৃত হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার শর্ত মোতাবেক দরপত্রদাতা জন্মগত পেশাদার পাটনী হলে দরপত্রের সাথে জন্মগত পেশাদার পাটনী সম্পর্কে স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়নপত্র (হালনাগাদ) সংযুক্ত করতে হবে।

৮। দরপত্রে গৃহীত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবশ্যই ফেরিঘাট এর সমুদয় ইজারা মূল্য একসাথে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাবদ জমাকৃত অর্থ (ব্যাংক ড্রাফট) বাজেয়াপ্ত হবে এবং দরপত্র বাতিলক্রমে যথাশীঘ্র সম্ভব পুনরায় দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। দখল গ্রহণের পূর্বেই ইজারাদার কর্তৃক উদ্ধৃত মুল্যের উপর ৫%(পাঁচ) হারে আয়কর এবং ১৫%(পনের) হারে ভ্যাট (ইজারা মূল্যের অতিরিক্ত) যে কোন সোনালী ব্যাংক লিঃ এর জেলা শাখায় (অন লাইনে চালান ভেরিফিকশন এর সুবিধার্থে) চালানের মাধ্যমে কোড নং যথাক্রমে "১/১১৪১/০০০৫/০১১১" এবং "১/১১৩৩/০০১০/০৩১১" খাতে জমা প্রদান করে অতিরিক্ত কমিশনার (রাজস্ব) এর নিকট চালানের কপি জমা করতে হবে।

১০। গৃহীত দরপত্রের সমুদয় টাকা, আয়করের টাকা ও ভ্যাটের টাকা পরিশোধ করার পর ফেরীঘাটের দখল ইজারা কমিটির আহবায়ক এর পক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে সংশ্লিষ্ট ইজারাদারের অনুকূলে বুঝিয়ে দেয়া হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক কিংবা তার প্রতিনিধি কর্তৃক নির্ধারিত স্থানেই ইজারাদার ঘাটের দখল বুঝে নিতে বাধ্য থাকবেন।

১১। প্রতিটি ঘাটের উভয় পাড়ে জনসাধারণসহ বিভিন্ন যানবাহন/মালামাল পারাপারের টোল রেইট (কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত) ইজারাদার সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ্য স্থানে লটকিয়ে রাখার ব্যবস্থা করবেন। ইজারাদার নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন এবং অতিরিক্ত টোল আদায় করলে আইনত দন্ডনীয় হবেন।

D\Nur\Pub\Appli\Letter ২

১২। ইজারাদার কোনক্রমে ইজারা প্রাপ্ত ফেরিঘাট অন্যের নিকট পুনঃইজারা বা সাবলিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্তের লংঘন ঘটে তবে ইজারাদারের ইজারা বাতিল বলে গন্য হবে ও জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। তদুপরি ইজারাদার আইনত দন্ডনীয় হবেন।

১৩। ফেরীঘাট এর যাত্রীদের চলাচলের জন্য নিজ ব্যয়ে উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা স্থাপনা ঘাট ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষন করবেন। তিনি নিজ ব্যয়ে ঘাট এলাকার পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।

১৪। দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারের অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ, পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন। ফেরিঘাটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং যানবাহন ও যাত্রীদের সহজে যাতায়াতের সুবিধার্থে স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত আদেশ নির্দেশও দরপত্রদাতাকে মেনে চলতে হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল কিংবা পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। দখলনামা যে দিনই সম্পাদিত হোক না কেন ইজারা মূল্যের সমুদয় অর্থ পরিশোধের দিন হতে দখল হস্তান্তরিত হয়েছে মর্মে পরিগণিত হবে। তবে ইজারামূল্য অনুমোদনের ০১(এক) সপ্তাহের মধ্যে ৮ নং ক্রমিক অনুযায়ী সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।

১৭। বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা এর কার্যালয়ের ওয়েবসাইট www.dhakadiv.gov.bd-এর বিভাগীয় প্রশাসন, রাজস্ব প্রশাসন শাখা, আন্তঃজেলা আন্তঃ বিভাগীয় ফেরিঘাট অপশনে ফেরিঘাট সংক্রান্ত যাবতীয় তথ্যাদি পাওয়া যাবে।

১৮। ফেরীঘাটের দখল যে দিনই প্রদান/গ্রহণ করা হোক না কেন ইজারার মেয়াদ ১৪২৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত মর্মে গণ্য হবে। প্রতিটি ফেরীঘাটের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে।

১৮/১/১৭

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)
ঢাকা বিভাগ, ঢাকা
এবং
আহবায়ক,
আন্তঃজেলা/আন্তঃবিভাগীয়
ফেরিঘাট/খেয়াঘাট ইজারা কমিটি।

স্মারক নং-০৫.৪১.৩০০০.০০৯.০৬.০২৫.১৬- ৬৩(৪৫)

তারিখঃ ১৮ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) ঃ

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা বিভাগ।

**অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ ঃ**

১। জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর/ফরিদপুর/শরীয়তপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা এবং নির্ধারিত/ উল্লিখিত তারিখে তাঁর কার্যালয়ে দরপত্র বাক্স রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল। দরপত্র প্রাপ্তির পর তা খুলে তুলনামূলক বিবরণীসহ দাখিলকৃত দরপত্রসমূহ এবং সিডিউল বিক্রয়লব্ধ অর্থ আবশ্যিকভাবে দরপত্র দাখিলের পরের কার্যদিবস সকাল ১০:০০ ঘটিকার মধ্যে বিশেষ বাহক মারফত এ কার্যালয়ের নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হল। বিলম্বে প্রেরিত দরপত্র গ্রহণযোগ্য না হলে এর দায় বিলম্বে প্রেরণকারী কর্তৃপক্ষের উপর বর্তাবে। ইজারা বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো, বিজ্ঞপ্তিটির বিষয়ে স্থানীয় পত্রিকায় প্রেস রিলিজ প্রেরণসহ তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় মাইকিং, ঢোল সহরত এর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হল। এ ছাড়া এতদসংগে উক্ত ঘাটের জন্য ৫(পাঁচ) সেট সিডিউল (দরপত্র ফরম) বিক্রয়ের জন্য প্রেরণ করা হল।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা/গাজীপুর/ফরিদপুর/শরীয়তপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল। বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল।

৩। পুলিশ সুপার, ঢাকা/গাজীপুর/ফরিদপুর/শরীয়তপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল।

৪। জেলা তথ্য অফিসার, ঢাকা/গাজীপুর/ফরিদপুর/শরীয়তপুর/নরসিংদী/কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নড়াইল। বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল।

৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা/খুলনা। বিজ্ঞপ্তিটি স্থানীয় সংবাদে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৬। উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা/কালীগঞ্জ, গাজীপুর/সদরপুর, চরভদ্রাসন, ফরিদপুর/জাজিরা, শরীয়তপুর/মনোহরদী, পলাশ, নরসিংদী/কটিয়াদী, কিশোরগঞ্জ/ গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ/কালিয়া, নড়াইল/লোহাগড়া, নড়াইল। বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল।

৭। সহকারী কমিশনার (ভূমি), দোহার, ঢাকা/কালীগঞ্জ, গাজীপুর/সদরপুর, চরভদ্রাসন, ফরিদপুর/জাজিরা, শরীয়তপুর/মনোহরদী, পলাশ, নরসিংদী/কটিয়াদী, কিশোরগঞ্জ/ গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ/কালিয়া, নড়াইল/লোহাগড়া, নড়াইল। বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল।

৮। চেয়ারম্যান, .................................. ইউনিয়ন পরিষদ, উপজেলা ............................. জেলা .........................। (বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল)।

৯। জনাব ..........................................................................................................

(প্রাক্তন ইজারাদার)

(মোঃ যুবায়ের)
সিনিয়র সহকারী কমিশনার (রাজস্ব)
ফোন ঃ ৯৩৫০৮৪৪
ফ্যাক্স ঃ ৯৩৪৯৯৯৯

D\Nur\Pub\Appli\Letter #